দৈনিক খবর

তারিখ ...01 OCT 1991...
পৃষ্ঠা... 2 ... কলাম ... 2...

# ১০ই নভেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ফাইনাল শুরু

রাজশাহী, ৩০শে সেপ্টেম্বর (বাসস)।- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। নবঘোষিত তারিখ অনুযায়ী ১৯৮৮ সালের মাস্টার্স ফাইনাল পরীক্ষা আগামী ১০ই নভেম্বর থেকে শুরু হবে। এছাড়া আগামী ২১শে অক্টোবর থেকে ১৯৮৮-১৯৮৯ সালের সাবসিডিয়ারী দ্বিতীয় পর্ব এবং ২৪শে অক্টোবর থেকে ১৯৯০ সালের সাবসিডিয়ারী প্রথম পর্বের পরীক্ষা শুরু হবে।

35